



# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৯৯১

তারিখঃ ২৭/০৮/২০১৩ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৯০ তম কমিশন সভা অদ্য ২৭/০৮/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন সম্প্রতিকালে স্থাপিত “InstantWatch Market Surveillance System” এর মাধ্যমে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর স্টক ব্রোকার Salta Capital Limited কর্তৃক গত ০৮/০৪/২০১৩ থেকে ১০/০৪/২০১৩ তারিখের মধ্যে পরপর তিনদিন Eastern Bank Limited এর শেয়ার লেনদেনে যথাক্রমে ১ লক্ষ করে ৩ লক্ষ শেয়ারের Short Sale Alert পরিলক্ষিত হয়। পরবর্তীতে সার্ভেইল্যান্স বিভাগ তদন্ত পূর্বক বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করে। এনফোর্সমেন্ট বিভাগের কার্যক্রম সমাপান্তে আজকের কমিশন সভায় Salta Capital Limited কে Dhaka Stock Exchange (Short-Sale) Regulations, 2006 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ ভঙ্গের জন্য ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২. সভায় সম্প্রতি বেশ কিছু কোম্পানীর শেয়ার (মিথুন নিটিং, CVO Petrochemical Ltd., তালু স্পিনিং ও বঙ্গজ লিঃ) এর দাম বৃদ্ধি কমিশনের “InstantWatch Market Surveillance System” এর মাধ্যমে অস্বাভাবিক পরিলক্ষিত হওয়ায় সার্ভেইল্যান্স বিভাগ -কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়। এছাড়াও কমিশনের উপ-পরিচালক জনাব শামসুর রহমান এবং জনাব মোহাম্মদ রাকিবুর রহমান, সহকারি পরিচালক এর সমন্বয়ে বর্ণিত শেয়ারসমূহের অস্বাভাবিক দাম বৃদ্ধির বিষয়ে একটি তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি ১৫ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন কমিশনে দাখিল করবে মর্মেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

  
২৭/০৮/২০১৩  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র